# 📖 মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৫১৩

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الْفِتَن)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - কিয়ামত নিকটবর্তী হওয়া এবং যে ব্যক্তি মৃত্যুবরণ করল তখন হতেই তার কিয়ামত সংঘটিত হয়ে গেল।

اَلْفصْلُ الثَّنِفْ ( بَابُ قُرْبِ السَّاعَةِ وَأَنَّ مَنْ مَاتَ فَقَدْ قَامَت قِيَامَته)

---

আরবী

عَنِ الْمُسْتَوْرِد بن شَدَّاد عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «بُعِثْتُ فِي نَفَسِ السَّاعَةِ فَسَبَقْتُهَا كَمَا سَبَقَتْ هَذِه هَذِه» وأشارَ بأصبعيهِ السبَّابةِ وَالْوُسْطَى. رَوَاهُ التِّرْمِذِيّ

سنده ضعيف ، رواه الترمذی (2213 وقال : غریب) * مجالد ضعيف و عبيدة بن الاسود مدلس و عنعن و روى احمد (5 / 348) بلفظ :" بعث انا و الساعۃ جميعًا ، ان کادت لتسبقنی " و سنده حسن ۔
(ضَعِيف)

বাংলা

৫৫১৩-[৫] মুসতাওরিদ ইবনু শাদ্দাদ (রাঃ) নবী (সা.) হতে বর্ণনা করেন। তিনি (সা.) বলেছেন: আমি কিয়ামতের (সময়ের) শুরুতেই প্রেরিত হয়েছি। অবশ্য আমি তা হতে এতটুকু পরিমাণ আগে আগমন করছি, যে পরিমাণ এ অঙ্গুলি ঐ অঙ্গুলি হতে বেড়ে রয়েছে। এ কথা বলে তিনি স্বীয় তর্জনী ও মধ্যমা অঙ্গুলির প্রতি ইঙ্গিত করলেন। (তিরমিযী)

ফুটনোট

য'ঈফ: তিরমিযী ২২১৩, য'ঈফুল জামি' ৬০৮৯, মুসনাদে বাযযার ৩৪৬২, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১৭১১৭; কারণ মুজালিদ ইবনু সা’ঈদ শক্তিশালী নয়, হিদায়াতুর রুওয়াত ৫/১৫১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (بُعِثْتُ فِي نَفَسِ السَّاعَةِ)অর্থাৎ কিয়ামতের আত্মপ্রকাশের অতি নিকটতম সময়ে আমি আবির্ভূত হয়েছি। তথা কিয়ামত সংঘটিত হওয়ার প্রথম লক্ষণ হলো নবী (সা.) -এর নুবুওয়্যাত লাভের মাধ্যমে দুনিয়ার আগমন করা। এটা আল্লামাহ্ তুরিবিশতী (রহিমাহুল্লাহ)-এর বক্তব্য। আর মিরাতের ভাষ্যও তাই।
(فَسَبَقْتُهَا) আমি কিয়ামতের অগ্রগামী হয়েছি যেমনভাবে তর্জনী মধ্যমা আঙ্গুলের অগ্রগামী হয়েছে। অর্থাৎ তর্জনী যেমন মধ্যমা আঙ্গুলের পাশে মিলে রয়েছে এবং বৃদ্ধা আঙ্গুল থেকে একটু দূরত্বে রয়েছে তেমনি আমি ও কিয়ামত পাশাপাশি এসেছি। (মিরক্বাতুল মাফাতীহ; তুহফাতুল আহওয়াযী ৬ষ্ঠ খণ্ড, হা, ২২১৩)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ মুসতাওরিদ ইবনু শাদ্দাদ (রা.)
Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85491

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন